

পরিস্থিতির মোকাবেলার দিক নির্দেশ করা

জরুরী কোভিড - ১৯

পুরো ইতালি জুড়ে কোভিড - ১৯ ভাইরাসের সংক্রমণ এবং প্রতিরোধের জন্য, নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়।

১২/০৩/২০২০ থেকে ২০/০৩/২০২০

- **বাড়ি ছেড়ে বাইরে যাওয়ার নিষেধাজ্ঞা** : যদি প্রয়োজন না হয়। যে কোয়ারান্টিনের মধ্যে ছিল তার জন্য বাইরে বের হওয়া নিষিদ্ধ। খুব জরুরী ভাবে অনুরোধ করা হয়েছে, তাদের বাসায় থাকার জন্য যাদের জ্বর ৩৭.৫°সেলসিয়াস বেশি।
- **বাণিজ্যিক সকল কর্মকাণ্ড স্থগিত** : খাদ্য বিক্রয় এবং মৌলিক প্রয়োজনীয়তা ব্যতীত। খোলা থাকবে শুধু পত্রিকার দোকান, তামাক দ্রব্য এর দোকান এবং ঔষধের দোকান সমূহ। এই সব ক্ষেত্রেই প্রতিটি কাজের জায়গাতেই এক মিটার দূরত্ব বজায় রাখা লাগবে সাবধানতার জন্য।
- **রেস্তোরার কার্যক্রম স্থগিত করা হয়েছে** : (এর মধ্যে বার, পাব, রেস্তুরেন্ট, আইচক্রিমের দোকান এবং বেকারির দোকান) শুধু সেই সব রেস্তুরেন্ট খোলা থাকবে যারা বাসা বাড়িতে খানা সরবরাহ করে থাকে।
- **সমস্ত স্কুল বন্ধ ৩ রা এপ্রিল পর্যন্ত** : শিক্ষাণ বিষয় কার্যক্রম স্থগিত করা হয়েছে। স্কুল কর্মকর্তারা দূরত্ব বজায় রেখে কার্যক্রম চালু রেখেছে। যেকোনো বহির্মুখী ক্রিয়াকলাপের জন্য তথ্য এবং পরামর্শের জন্য, ওয়েবসাইটটি দেখুন <https://www.savethechildren.it/blog-notizie/articoli/coronavirus>
- **বিউটি পার্লার এবং সেলুন বন্ধ** : পুরুষদের সেলুন, মেয়েদের সেলুন, বিউটিশিয়ানদের দোকানের কার্যক্রম অবশ্যই বন্ধ রাখতে হবে। লন্ড্রি এবং শেষকৃত্যের পরিষেবাগুলি খোলা থাকবে।

- ব্যাংক, পোস্ট অফিস এবং সরকারি অফিস খোলা : আর্থিক, বীমা পরিষেবাদের পাশাপাশি কৃষি, কৃষি খাদ্য প্রক্রিয়াকরণ জাত, পণ্য সরবরাহ এবং সরবরাহকারী প্রতিষ্ঠানগুলির কাজক্রম চালু থাকবে।

জন-পরিবহনের যথা সম্ভাব্য বিধিনিষেধ: রাষ্ট্রপ্রধান দেশটির গণপরিবহনকে কমিয়ে আনতে পারেন। স্বাস্থ্য ব্যবস্থার সাথে মিল রেখে অবকাঠামো মন্ত্রক, ট্রেন ভ্রমণ, বিমান ও সামুদ্রিক পরিবহণ হ্রাসের আদেশ দিতে পারে।

-
- জিম এবং সুইমিং পুল, ক্রীড়া কেন্দ্র, সাংস্কৃতিক কেন্দ্র এবং অবসর কেন্দ্র গুলি বন্ধ : সমস্ত ব্যায়ামাগার (জিম), সুইমিং পুল এবং খেলার জন্য স্থানগুলি ও জন সমবেশ বন্ধ থাকবে।
- অনুষ্ঠান, সরকারি মিছিল- মিটিং ও ব্যক্তিগত: সরকারী বা ব্যক্তিগত বিক্ষোভ,মিছিল স্থগিত করা হয়েছে । সমস্ত সাংস্কৃতিক, খেলাধুলা, ধর্মীয় এবং বাণিজ্য মেলা কার্যক্রম স্থগিত করা হয়েছে । নাগরিক, ধর্মীয় এবং জানাজার মত অনুষ্ঠান স্থগিত করা হয়েছে। উপাসনার স্থানগুলি মানুষের মধ্যে এক মিটার দূরত্বের গ্যারান্টি সহকারে মেনে চলার উপদেশ দেয়া হয়েছে।
- সংকটপূর্ণ অঞ্চল থেকে কেউ আসে, তবে এলাকার স্বাস্থ্য কর্তৃপক্ষের (আঁজল/Asl) জানাতে হবে : মহামারীতে আক্রান্ত দেশগুলি থেকে ইতালি ফিরে আসা যে কোনও ব্যক্তিকে অবশ্যই স্থানীয় যথাযত স্বাস্থ্য সেবা কর্তৃপক্ষের(আঁজলা/Asl) সাথে যোগাযোগ করতে হবে। বেক্তিকে অবশ্যই চিকিৎসককে যানাতে হবে এবং তাদের ঘরে থাকার পরে পরিবারের সদস্যদের থেকে নিজেকে বিচ্ছিন্ন ভাবে রাখতে হবে।
- নিজেকে এই সাধারণ নিয়ম গুলো মেনে চলুন

<http://www.salute.gov.it/portale/nuovocoronavirus/dettaglioFaqNuovoCoronavirus.jsp?lingua=italiano&id=228#11>

নিজেকে নিরাপদ রাখতে কি করতে হবে ?

কিছুক্ষণ পর পর হাতে ধুতে হবে। অনুরোধ করা হয়েছে সমস্ত দোকান সমূহ , যেমন জিম, সুপারমার্কেট, ঔষুধের দোকান বা ফার্মাছি সমূহ এবং অন্যান্য স্থান এ হাত পরিষ্কার করার এলকোহল দিসইনফেকসন (alcohol base) থাকা লাগবে।

তীব্র শ্বাসকষ্টে আক্রান্ত ব্যক্তিদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন।

- হাত মিলানো এবং কলাকুলি থেকে বিরত থাকুন।
- সামাজিক কর্মকাণ্ড গুলিতে, কমপক্ষে এক মিটার দূরত্ব বজায় রাখুন।
- হাঁচি ও কাশি দেয়ার সময় হাতে না ধরে টিস্যু ব্যবহার করুন ।
- খেলাধুলা চলাকালীন অবস্থায় বোতল এবং গ্লাস ব্যবহারের এড়িয়ে চলুন ;
- হাত দিয়ে মুখে ,নাকে, চোখে স্পর্শ করবেন না ।
- যদি হাঁচি-কাশি আসে তাহলে মুখ থেকে হাঁচি-কাশি দিবেন ।
- আপনার ডাক্তার দ্বারা নির্ধারিত না হলে অ্যান্টিবায়োটিক ঔষধ গ্রহণ করবেন না।
- ক্লোরিন বা অ্যালকোহল ভিত্তিক জীবাণুনাশক দিয়ে উপরিভাগ পরিষ্কার করুন;
- আপনার যদি জ্বর, কাশি বা শ্বাসকষ্ট হয় এবং সন্দেহ হয় যে আপনি কোভিড - ১৯ শ্বাসকষ্টের রোগে আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে এসেছেন:
- বাড়িতে থাকুন, জরুরী কক্ষে বা জরুরী চিকিৎসা বিভাগে যাবেন না তবে ফোনে
- আপনার পরিবারের চিকিৎসকে কল করে বলুন। অথবা আঞ্চলিক ফ্রি নাম্বারে কল করুন। জরুরী বিভাগের নম্বরগুলি ১২২ / ১৮৮ শুধুমাত্র প্রয়োজন হলেই ব্যবহার করুন ।

